তারিখ 07 SEP ২০১৭
পৃষ্ঠা ৫ কলাম ৪

প্রথম আলো

ঢাকা বিশ্ববিদ্যালয়

# দায়িত্ব নিলেন উপাচার্য আখতারুজ্জামান

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ●**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২৮তম উপাচার্য হিসেবে অধ্যাপক মো. আখতারুজ্জামান গতকাল বুধবার সকালে দায়িত্ব নিয়েছেন। তিনি দায়িত্ব নেওয়ার পর সবার সঙ্গে ঐক্যবদ্ধভাবে কাজ করার ঘোষণা দেন।

এদিকে আখতারুজ্জামানের নিয়োগপ্রক্রিয়ার বিরোধিতা করে কয়েকটি হলের প্রাধ্যক্ষ ও প্রক্টর আগের দিন পদত্যাগ করেছেন বলে গুঞ্জন ছড়িয়ে পড়েছে। এর সপক্ষে আ আ ম স আরেফিন সিদ্দিকের উদ্দেশে লেখা একটি বেনামি চিঠি পাওয়া গেছে, যেখানে কোনো হলের নাম বা কোনো প্রাধ্যক্ষের সই নেই। *প্রথম আলোর* পক্ষ থেকে ৬টি হলের প্রাধ্যক্ষ ও প্রক্টরের সঙ্গে যোগাযোগ করলে তাঁদের তিনজন স্বীকার করেন, তাঁরা গত মঙ্গলবার একযোগে সই করে অব্যাহতি দিয়েছেন। কিন্তু আরেফিন সিদ্দিক তা গ্রহণ করেননি।

তবে নতুন উপাচার্য আখতারুজ্জামান বলেন, এই চিঠির বিষয়ে তিনি কিছু জানেন না।

গত সোমবার রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের আচার্য মো. আবদুল হামিদ উপাচার্য হিসেবে আখতারুজ্জামানকে নিয়োগ দিয়ে অবিলম্বে এই আদেশ কার্যকর করার নির্দেশ দেন। গতকাল সকাল সাড়ে নয়টার দিকে উপাচার্যের কার্যালয়ে যান আখতারুজ্জামান। ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামানের কাছ থেকে তিনি যোগদানপত্রে সই করে দায়িত্ব গ্রহণ করেন।

পরে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক এ এস এম মাকসুদ কামাল, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আনোয়ার হোসেন, জাতীয় বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য অধ্যাপক মশিউর রহমানসহ শিক্ষক ও কর্মকর্তারা আলাদাভাবে তাঁকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান। তবে বিদায়ী উপাচার্য অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক এ সময় উপস্থিত ছিলেন না। দায়িত্ব নেওয়ার পর আখতারুজ্জামান সাংবাদিকদের বলেন, বিদায়ী উপাচার্যের সঙ্গে যোগাযোগ করা হয়েছে। কিন্তু তাঁর সঙ্গে সময়ের সমন্বয় হয়নি।